

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

প্রেস বিজ্ঞপ্তি

জরিমানা ছাড়া ৩০ জুন পর্যন্ত যানবাহনের ফিটনেস

ঢাকা, শনিবার, ২৮ মার্চ ২০২০

জরিমানা ছাড়া যানবাহনের ফিটনেস নবায়ন করা যাবে ৩০ জুন ২০২০ পর্যন্ত।

করোনা সংক্রমণ প্রতিরোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালে যাদের যানবাহনের ফিটনেস-এর সময়সীমা অতিক্রান্ত হবে, তারা জরিমানা ছাড়া নির্ধারিত ফি জমা দিয়ে যানবাহনের ফিটনেস নবায়নের এ সুযোগ পাবেন।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ আজ এ সিদ্ধান্ত জানিয়েছে।

স্বাক্ষরিত/-
মো. আবু নাছের
উপপ্রধান তথ্য অফিসার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ